



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
জেলা সমবায় অফিস, বান্দরবান  
জেলা সমবায় অফিস  
www.cooperative.bandarban.gov.bd

নম্বর: ৪৭.৬১.০৩০০.০০০.০০০.০৬.০০১৯.১৮.২০২

তারিখ: ৩০ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ  
১৪ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

### অফিস আদেশ

বান্দরবান পার্বত্য জেলাধীন থানচি উপজেলা “বলিবাজার সিএনজি ও মাহিন্দ্রা গাড়ী মালিক সমবায় সমিতি লি.” এর ব্যবস্থাপনা কমিটিতে শূন্যতা বিরাজ করায় এবং স্বাভাবিক কার্যক্রম পরিচালনা ও নির্বাচনের মাধ্যমে ব্যবস্থাপনা কমিটি গঠনের লক্ষ্যে উপজেলা সমবায় অফিসার, থানচি, বান্দরবান এর সুপারিশের প্রেক্ষিতে সমবায় সমিতি আইন ২০০১ (সংশোধন ২০০২, ২০১৩) এর ১৮(৫) ধারায় সমিতির সদস্যদের সমন্বয়ে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি অন্তর্বর্তী কমিটি নিম্নরূপভাবে নিয়োগ প্রদান করা হ’ল।

ক্র. নং	নাম ও পরিচিতি	সদস্য নং	কমিটিতে পদবি
০১	জনাব উমংমং মার্মা পিতা: ক্যথুইচিং মার্মা, বলিপাড়া	০৯	সভাপতি
০২	জনাব জ্ঞানেন্দু চাকমা পিতা: বিনত কুমার চাকমা, অনিল পাড়া	২৫	সদস্য
০৩	জনাব পরিতোষ ঘোষ পিতা: রতন ঘোষ, বলিবাজার	১৪	সদস্য

নিয়োগকৃত অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটির মেয়াদ আদেশের তারিখ হতে ১২০ (একশত বিশ) দিন পর্যন্ত বলবৎ থাকবে। উক্ত মেয়াদ কালের মধ্যে সমবায় সমিতি আইন ২০০১ (সংশোধন ২০০২ ও ২০১৩) এবং সমবায় সমিতি বিধিমালা ২০০৪ ও সমিতির নিবন্ধিত উপ-আইন মোতাবেক এবং এতদসংক্রান্ত নিবন্ধক ও মহাপরিচালক মহোদয় কর্তৃক জারীকৃত সার্কুলারের আলোকে ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠান করে নির্বাচিত ব্যবস্থাপনা কমিটির নিকট সমিতির দায়িত্বভার হস্তান্তর করবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

—  
১৪-০৮-২০২৫

ফাতেমা বেগম  
জেলা সমবায় কর্মকর্তা

নম্বর: ৪৭.৬১.০৩০০.০০০.০০০.০৬.০০১৯.১৮.২০২/১ (৫)

তারিখ: ৩০ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ  
১৪ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জনাব উমংমং মার্মা, সভাপতি, “বলিবাজার সিএনজি ও মাহিন্দ্রা গাড়ী মালিক সমবায় সমিতি লি.”, থানচি, বান্দরবান পার্বত্য জেলা।
- ২। জনাব জ্ঞানেন্দু চাকমা, সদস্য, “বলিবাজার সিএনজি ও মাহিন্দ্রা গাড়ী মালিক সমবায় সমিতি লি.”, থানচি, বান্দরবান পার্বত্য জেলা।
- ৩। জনাব পরিতোষ ঘোষ, সদস্য, “বলিবাজার সিএনজি ও মাহিন্দ্রা গাড়ী মালিক সমবায় সমিতি লি.”, থানচি, বান্দরবান পার্বত্য জেলা।
- ৪। সভাপতি/সম্পাদক, ব্যবস্থাপনা কমিটি, “বলিবাজার সিএনজি ও মাহিন্দ্রা গাড়ী মালিক সমবায় সমিতি লি.”, থানচি, বান্দরবান পার্বত্য জেলা।
- ৫। উপজেলা সমবায় অফিসার, থানচি, বান্দরবান পার্বত্য জেলা।



— ফাতেমা বেগম —

১৪-০৮-২০২৫  
ফাতেমা বেগম  
জেলা সমবায় কর্মকর্তা